



## গাজা যুদ্ধের স্থায়ী অবসান ও সেনা প্রত্যাহারের নিশ্চয়তা চায় হামাস



সংগৃহীত ছবি

মিসরে ইসরায়েলের সঙ্গে দ্বিতীয় দিনের আলোচনায় গাজা থেকে সেনা প্রত্যাহার ও যুদ্ধের স্থায়ী অবসানের নিশ্চয়তা চেয়েছে ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস। একই সঙ্গে জিম্মি মুক্তির সময়সূচি নিয়েও বিস্তারিত আলোচনা হয়েছে।

গাজা উপত্যকায় যুদ্ধের স্থায়ী অবসান এবং ইসরায়েলি সেনা প্রত্যাহারের নিশ্চয়তা চেয়েছে ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস। মিসরের শারম আল শেখে অনুষ্ঠিত ইসরায়েলের সঙ্গে দ্বিতীয় দিনের আলোচনায় এই দাবি জানায় সংগঠনটি। হামাসের পক্ষ থেকে বলা হয়, জিম্মি মুক্তির শেষ ধাপের সঙ্গে সমন্বয় করে গাজা থেকে ইসরায়েলি বাহিনীকে সম্পূর্ণরূপে প্রত্যাহার করতে হবে।

হামাস আন্তর্জাতিক পর্যায়ে এই প্রত্যাহারের বিষয়টি নিশ্চিত ভূমিকা রাখার আহ্বান জানিয়েছে। পাশাপাশি, আলোচনায় ইসরায়েলি জিম্মিদের মুক্তির সময়সূচি নিয়েও বিস্তারিত আলোচনা হয়।

এদিকে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, জিম্মি মুক্তির পর ইসরায়েল গাজায় পুনরায় হামলা চালাবে না।

মঙ্গলবার (৭ অক্টোবর) মিসরের মধ্যস্থতায় হামাস ও ইসরায়েলের প্রতিনিধিরা দ্বিতীয় দিনের মতো পরোক্ষ আলোচনায় অংশ নেন। যুক্তরাষ্ট্র, কাতার ও মিসরের কর্মকর্তারা এতে মধ্যস্থতাকারী ভূমিকা পালন করেন। জানা গেছে, বুধবারের তৃতীয় দিনের আলোচনায় কাতারের প্রধানমন্ত্রীও যোগ দেবেন।

সূত্র: আল জাজিরা